SKS

স্মারক নং- এসকেএস/২১/৮৮৩

২৫ জুলাই ২০২১ খৃঃ

<u>অফিস স্মারক</u>

এতদ্বারা এসকেএস ফাউন্ডেশনে কর্মরত সকল সহকর্মীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ সংক্রমনের বিদ্যমান পরিস্থিতিতে মন্ত্রীপরিষদ বিভাগের ১৩ জুলাই ২০২১ তারিখের স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ এর মাধ্যমে ২৩ জুলাই ২০২১ সকাল ৬.০০ ঘটিকা হতে ০৫ আগস্ট ২০২১ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত করোনা ভাইরাস জনিত সংকট মোকাবেলায় ২৩ শর্ত সম্বলিত বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। উক্ত বিধি নিষেধের ২.৮ নং ক্রমিকের নির্দেশনার আওতায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক ১৯ জুলাই ২০২১ তারিখের স্মারক নং-৫৩.০০.০০০০.২১১.৯৯.০১৫.২০.১৭৪ এর মাধ্যমে জারিকৃত নির্দেশনার আলোকে অদ্য ২৫ জুলাই ২০২১ তারিখে মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) কর্তৃক জারিকৃত পত্র (সার্কুলার লেটার নং-৬৩) অনুযায়ী ক্ষুদ্রঋণ কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত নির্দেশনাসমূহ কঠোরভাবে মেনে কাজ করার জন্য বলা হলো।

- করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমনের পরিস্থিতি বিবেচনায় অদ্য ২৫ জুলাই ২০২১ হতে ০৫ আগস্ট ২০২১ তারিখ পর্যন্ত (সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) বিধি-নিষেধ চলাকালে এতদবিষয়ক সরকারের সকল নির্দেশনা অনুসরণ করে স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে সীমিত সংখ্যক জনবল দ্বারা সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত সংস্থার ক্ষুদ্র ঋণ কার্যক্রম সংশ্লিষ্ট সকল অফিস সমূহের মাধ্যমে মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন করবেন।
- এছাড়া করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাব জনিত পরিস্থিতি মোকাবেলা সহ যে কোন জরুরী পরিস্থিতি মোকাবেলা এবং ত্রাণ কার্য সম্পাদনের সাথে নিয়োজিত সকলে উপরোক্ত শর্ত মেনে কার্যক্রম বাস্তবায়ন করবেন।
- বিধি-নিষেধ চলাকালীন সময়ে সংশ্লিষ্ট কর্মীগণ চলাচলের সময় সংস্থা কর্তৃক প্রদত্ত আইডি কার্ড (পরিচয় পত্র) বহন করা, মোবাইল সিম সচল রাখা ও নিজস্ব পরিবহনে যাতায়াত এবং সরকার কর্তৃক সময়ে সময়ে ঘোষিত সংশ্লিষ্ট অন্যান্য নির্দেশনা অনুসরণ করবেন।

সরকারী বিশেষ কোন নির্দেশনা না থাকলে আগামী **০৬ আগস্ট ২০২১ খৃঃ** তারিখ থেকে স্বাভাবিক নিয়মে কার্যক্রম চলবে।

এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ
গভীর আন্তরিকতায়-

*রাসেল আহম্মেদ লিটন*
নির্বাহী প্রধান।

<u>অনুলিপি:</u>

- এসকেএস এর সকল অফিস
- নোটিশ বোর্ড
- অফিস কপি

SKS Foundation: College Road, Uttar Horin Singha, Gaibandha-5700, Bangladesh.
+880 541 51408, +880 1713 484430, sksfoundation@sks-bd.org, www.sks-bd.org

**মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি**
**গুলফেশী প্লাজা (৭ম তলা)**
**৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক**
**বড় মগবাজার, রমনা**
**ঢাকা-১২১৭।**

মুজিববর্ষের উপহার
ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার

এমআরএ/সার্কুলার লেটার নং-৬৩

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৮
২৫ জুলাই ২০২১

প্রধান নির্বাহী কর্মকর্তা
সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)

বিষয়ঃ- মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর সনদ প্রাপ্ত আর্থিক সেবা প্রদানকারী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কার্যক্রম সীমিত পরিসরে পরিচালনা ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ সংক্রমনের বিদ্যমান পরিস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ জুলাই, ২০২১ তারিখের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ এর মাধ্যমে ২৩ জুলাই ২০২১ সকাল ৬.০০ ঘটিকা হতে ০৫ আগষ্ট ২০২১ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত করোনা ভাইরাস জনিত সংকট মোকাবেলায় ২৩ শর্ত সম্বলিত বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। উক্ত বিধি-নিষেধের ২.৮ নং ক্রমিকের নির্দেশনার আওতায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক ১৯ জুলাই, ২০২১ তারিখের স্মারক নং ৫৩.০০.০০০০.২১১.৯৯.০১৫.২০.১৭৪ এর মাধ্যমে জারিকৃত নির্দেশনার আলোকে ক্ষুদ্রঋণ কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে এমআরএ এর সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

(১) করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের পরিস্থিতি বিবেচনায় আগামী ২৫ জুলাই ২০২১ হতে ০৫ আগষ্ট ২০২১ পর্যন্ত (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) বিধি-নিষেধ চলাকালে এতদবিষয়ক সরকারের সকল নির্দেশনা অনুসরণ করে স্বাস্থ্য বিধি মেনে সীমিত পরিসরে সীমিত সংখ্যক জনবল দ্বারা সকাল ৯.০০ টা হতে বিকাল ২:০০ ঘটিকা পর্যন্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম সংশ্লিষ্ট আর্থিক সেবা পরিচালনা;

(২) বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত এজেন্ট ব্যাংকিং সেবা, মোবাইল ফিনান্সিয়াল সেবা ও রেমিটেন্স সেবা প্রদানসহ এ অথরিটির ইতিপূর্বের নির্দেশনার আওতায় সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম বিশেষ করে অসহায় প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে প্রয়োজনীয় মানবিক সহায়তা, খাদ্য ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী (মাস্ক, হ্যান্ড সেনিটাইজার, চিকিৎসা সরঞ্জাম ইত্যাদি) বিতরণ;

(৩) বিধি-নিষেধ চলাকালীন সময়ে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্মচারীগণকে চলাচলের সময় স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয় পত্র বহন ও নিজস্ব ব্যবস্থপনায় যাতায়াতের ব্যবস্থাকরণ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে ঘোষিত সংশ্লিষ্ট অন্যান্য নির্দেশনা অনুসরণ।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)
পরিচালক
ফোনঃ ৪৮৩১৫৭১৫, ০১৮১৫৫০৩৯৭৫
ই-মেইলঃ director.lic-regu@mra.gov.bd

নম্বর-৫৩.০৪.০০০০.২১.২২.০০৩.২১-১৩৪৫

তারিখঃ ২৫/০৭/২০২১

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

(১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
(২) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
(৩) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(৪) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
(৫) রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
(৬) বিভাগীয় কমিশনার (সকল)।
(৭) জেলা প্রশাসক (সকল)।
(৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
(৯) গভর্নরের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা ।
(১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

প্রশাসন ও কল্যাণ শাখা

www.fid.gov.bd

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০১৫.২০.১৭৪

তারিখ: ৪ শ্রাবণ ১৪২৮
১৯ জুলাই ২০২১

বিষয়: **ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের সেবা নিশ্চিতকল্পে ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮, তারিখ ১৩ জুলাই ২০২১।
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২৩২ ও ২৩৩, তারিখ ১৪ জুলাই ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর সংক্রমণের পরিস্থিতি বিবেচনায় ২১ (একুশ) দফা শর্তাবলী যুক্ত করে ২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ৬.০০ ঘটিকা হতে ০৫ আগস্ট ২০২১ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত বিধি-নিষেধ আরোপ করা হয়েছে।

উক্ত বিধি-নিষেধ চলাকালীন দেশের আর্থিক খাত সচল রাখার স্বার্থে ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের সেবা নিশ্চিতকল্পে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হ'ল।

(১) ব্যাংকসমূহের লেনদেন স্বাভাবিক রাখার লক্ষ্যে সীমিত সংখ্যক জনবল, দপ্তর/শাখা ও লেনদেনের সময় পুনঃনির্ধারণ করে ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

(২) আমদানি-রপ্তানি বাণিজ্য স্বাভাবিক রাখা ও অপরিহার্য প্রয়োজন বিবেচনায় বীমা কার্যক্রম সীমিত সংখ্যক জনবল ও দপ্তর/শাখা খোলা রাখার বিষয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

(৩) পুঁজিবাজারের কার্যক্রম স্বাভাবিক রাখার লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সাথে সামঞ্জস্য রেখে সীমিত সংখ্যক জনবল ও অফিস সময় নির্ধারণ করে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

(৪) ক্ষুদ্রঋণ কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সাথে সামঞ্জস্য রেখে সীমিত সংখ্যক জনবল ও অফিস সময় নির্ধারণপূর্বক প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে।

এতদসংক্রান্ত নির্দেশনার আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-৭-২০২১
মোহাম্মদ সফিউল আলম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৮ / ১৩ জুলাই ২০২১

**বিষয়: করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ।**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩ তারিখ: ৩০.০৬.২০২১
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২১৩ তারিখ: ০৫.০৭.২০২১

পবিত্র ঈদুল আযহা উদ্‌যাপন, জনসাধারণের যাতায়াত, ঈদ পূর্ববর্তী ব্যবসা-বাণিজ্য পরিচালনা, দেশের আর্থ-সামাজিক অবস্থা এবং অর্থনৈতিক কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে আগামী ১৪ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত থেকে ২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা পর্যন্ত সূত্রস্থ স্মারকদ্বয়ে আরোপিত সকল বিধি-নিষেধ শিথিল করা হলো। তবে, এ সময়ে সর্বাবস্থায় জনসাধারণকে সতর্কাবস্থায় থাকা এবং মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে।

০২। করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের পরিস্থিতি বিবেচনায় নিম্নোক্ত শর্তাবলি সংযুক্ত করে **২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা হতে ০৫ আগস্ট ২০২১ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত** নিম্নোক্ত বিধি-নিষেধ আরোপ করা হলো:

২.১ সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসসমূহ বন্ধ থাকবে;

২.২ সড়ক, রেল ও নৌ-পথে গণপরিবহন (অভ্যন্তরীণ বিমানসহ) ও সকল প্রকার যানবাহন চলাচল বন্ধ থাকবে;

২.৩ শপিংমল/মার্কেটসহ সকল দোকানপাট বন্ধ থাকবে;

২.৪ সকল পর্যটন কেন্দ্র, রিসোর্ট, কমিউনিটি সেন্টার ও বিনোদন কেন্দ্র বন্ধ থাকবে;

২.৫ সকল প্রকার শিল্প-কলকারখানা বন্ধ থাকবে;

২.৬ জনসমাবেশ হয় এ ধরনের সামাজিক [বিবাহোত্তর অনুষ্ঠান (ওয়ালিমা), জন্মদিন, পিকনিক, পার্টি ইত্যাদি]; রাজনৈতিক ও ধর্মীয় আচার-অনুষ্ঠান বন্ধ থাকবে;

২.৭ বাংলাদেশ সুপ্রীম কোর্ট আদালতসমূহের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

২.৮ ব্যাংকিং/বীমা/আর্থিক প্রতিষ্ঠানের সেবা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

২.৯ সরকারি কর্মচারীগণ নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন এবং দাপ্তরিক কাজসমূহ ভার্চুয়ালি (ই-নথি, ই-টেন্ডারিং, ই-মেইল, SMS, WhatsApp-সহ অন্যান্য মাধ্যম) সম্পন্ন করবেন;

২.১০ আইনশৃঙ্খলা এবং জরুরি পরিসেবা, যেমন-কৃষি পণ্য ও উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহণ/বিক্রয়, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, জাতীয় পরিচয় পত্র (এন আই ডি) প্রদান কার্যক্রম, রাজস্ব আদায় সম্পর্কিত কার্যাবলি, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবা, ব্যাংক, ভিসা সংক্রান্ত কার্যক্রম, সিটি কর্পোরেশন/পৌরসভা (পরিষ্কার-পরিচ্ছন্নতা, সড়কের বাতি ব্যবস্থাপনা ইত্যাদি কার্যক্রম), সামাজিক নিরাপত্তা কর্মসূচি, ফার্মেসি ও ফার্মাসিউটিক্যালসসহ অন্যান্য জরুরি/অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহের কর্মচারী ও যানবাহন প্রাতিষ্ঠানিক পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে যাতায়াত করতে পারবে;

২.১১ বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় খোলা রাখার বিষয়ে অর্থ বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;

২.১২ জরুরি পণ্য পরিবহনে নিয়োজিত ট্রাক/লরি/কাভার্ড ভ্যান/নৌযান/পণ্যবাহী রেল/ফেরি এ নিষেধাজ্ঞার আওতাবহির্ভূত থাকবে;

২.১৩ বন্দরসমূহ (বিমান, সমুদ্র, নৌ ও স্থল) এবং তৎসংশ্লিষ্ট অফিসসমূহ এ নিষেধাজ্ঞার আওতাবহির্ভূত থাকবে;

২.১৪ কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯:০০টা থেকে বিকাল ৩:০০টা পর্যন্ত স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠন/বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;

২.১৫ অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। নির্দেশনা অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

২.১৬ টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে;

২.১৭ খাবারের দোকান, হোটেল-রেস্তোরাঁ সকাল ০৮.০০টা থেকে রাত ০৮.০০টা পর্যন্ত খাবার বিক্রয় (Online/Takeaway) করতে পারবে;

২.১৮ আন্তর্জাতিক ফ্লাইট চালু থাকবে এবং বিদেশগামী যাত্রীগণ তাদের আন্তর্জাতিক ভ্রমণের টিকেট/প্রমাণক প্রদর্শন করে গাড়ি ব্যবহারপূর্বক যাতায়াত করতে পারবেন;

২.১৯ স্বাস্থ্যবিধি অনুসরণ করে মসজিদে নামাজের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্দেশনা প্রদান করবে;

২.২০ 'আর্মি ইন এইড টু সিভিল পাওয়ার' বিধানের আওতায় মাঠ পর্যায়ে কার্যকর টহল নিশ্চিত করার জন্য সশস্ত্র বাহিনী বিভাগ প্রয়োজনীয় সংখ্যক সেনা মোতায়েন করবে। জেলা ম্যাজিস্ট্রেট স্থানীয় সেনা কমান্ডারের সাথে যোগাযোগ করে বিষয়টি নিশ্চিত করবেন;

২.২১ জেলা ম্যাজিস্ট্রেট জেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সমন্বয় সভা করে সেনাবাহিনী, বিজিবি/কোস্টগার্ড, পুলিশ, র‍্যাব ও আনসার নিয়োগ ও টহলের অধিক্ষেত্র, পদ্ধতি ও সময় নির্ধারণ করবেন। সে সঙ্গে স্থানীয়ভাবে বিশেষ কোনো কার্যক্রমের প্রয়োজন হলে সে বিষয়ে পদক্ষেপ নিবেন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ এ বিষয়ে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;

২.২২ জনপ্রশাসন মন্ত্রণালয় মাঠ পর্যায়ে প্রয়োজনীয় সংখ্যক নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে; এবং

২.২৩ সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮-এর আওতায় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ব্যবস্থা নিতে জেলা প্রশাসন ও পুলিশ বাহিনীকে আইনানুগ কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করবেন।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩.০৭.২০২১

(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ২২৩৩৮১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

**১। সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ**
**২। বিভাগীয় কমিশনার (সকল)**

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/ কোস্টগার্ড/ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী /ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স।
৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।
৬। জেলা প্রশাসক (সকল)।
৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।